মেহেরপুরে মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে মহড়া

মেহেরপুরে মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি মহড়া অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেল চারটার সময় মেহেরপুর স্টেডিয়াম মাঠে এই মহড়া অনুষ্ঠিত হয়।

এ সময় এনডিসি গোলাম রাব্বানী প্যারেড কমান্ডার আফজাল হোসেন বাকির কাছ থেকে সালাম গ্রহণ করেন।

এছাড়াও সালাম প্রদর্শন করেন জেলা পুলিশের প্যারেড টিম, জেলা আনসার ভিডিপি, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর্স ও মহিলা দল, মেহেরপুর ফায়ার সার্ভিস, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় গার্লস ক্যাডেট দল, গার্লস স্কাউট দল ও মেহেরপুর দারুল উলুম আহমদীয়া মাদ্রাসার স্কাউট দল।

গাংনীতে গণহত্যা দিবস পালন

মেহেরপুরের গাংনীতে উপজেলা প্রশাসনের আয়োজনে ২৫শে মার্চ গণহত্যা দিবস পালিত হয়েছে।

আজ শনিবার সকালে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপজেলা নির্বাহি অফিসার সাজিয়া সিদ্দিকা সেতুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর – ২ (গাংনী) আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, বীর মুক্তিযোদ্ধা সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, গাংনী পৌরসভার মেয়র আহমেদ আলী, সহকারী কমিশনার (ভুমি) নাদির হোসেন শামীম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা আওয়ামীলীগের

সাধারণ সম্পাদক মকলেচুর রহমান মুকুলসহ বিভিন্ন সরাসরি দপ্তরের কর্মকর্তা, সাংবাদিকবৃন্দ, রাজনীতিবিদ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণসহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ অংশগ্রহণ করেন।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় স্কুলছাত্র নিহত

মেহেরপুরে শহরে মোটরসাইকেলের ত্রিমুখী সংঘর্ষের ঘটনায় আরাফাত রহমান নূর (১৫) নামের এক স্কুলছাত্র নিহত হয়েছে। আহত হয়েছে সজিব
(২০) ও মতিয়ার রহমান মতু (৩৫) নামের আরো দুজন। নিহত যুবক মেহেরপুর সদর উপজেলার কলাইডাঙ্গা গ্রামের আব্দুল মালেকের ছেলে ও সজিব একই গ্রামের রতন আলীর ছেলে এবং মতু চাঁদবিল গ্রামের জমসেদ শেখের ছেলে।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় মেহেরপুর শহরের পৌর বাসটার্মিনাল এলাকায় এই মর্মান্তিক সড়ক দুর্ঘটনা ঘটে।
জানা যায়, ঘটনার সময় আরাফাত রহমান নূর ও সজীব মেহেরপুর থেকে মোটরসাইকেল যোগে বাড়ী ফেরার পথে শহরের পৌর বাসটার্মিনাল এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা মোটরসাইকেলের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষে রাস্তার উপরে ছিটকে পড়ে তিন জনই গুরুতর আহত হয়।

খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি দল তাদেরকে উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করে। আহত আরাফাত রহমান নূর এর অবস্থা আশঙ্কাজনক হওয়ায় কর্তব্যরত চিকিৎসক তাকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করেন পরে রাত তিনটার দিকে আরাফাত রহমান নুরের মৃত্যু হয়।

নুর মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর শিক্ষার্থী নুরের বাবা একজন কৃষক এক ভাই এক বোন। বাবার বড় স্বপ্ন ছিল তাকে লেখাপড়া শিখিয়ে বড় কিছু হবার স্বপ্ন ছিল সেই স্বপ্ন নিমেষেই শেষ হলো।

বামন্দীতে রমজানের প্রথম দিনেই জিনিসপত্রের দাম বৃদ্ধি

মেহেরপুরের গাংনী উপজেলার ঐতিহ্যবাহী ও বাণিজ্য খ্যাত একটি বাজার বামন্দী। যেখানে রয়েছে জেলার সর্ব-বৃহৎ পশু হাট। বাজারে শাক-সবজি, মাছ-মাংস, ক্ষুদ্র কুটির শিল্প সামগ্রী থেকে শুরু করে নিত্য প্রয়োজনীয় দ্রব্য ও মালামাল বিক্রয় করে ব্যাবসায়ীরা। এসব দোকানের পাশাপাশি রয়েছে সুপার মার্কেট, শপিংমল, বাণিজ্যিক প্রতিষ্ঠান, অফিস, একাধিক শাখা ব্যাংক ও চিকিৎসাকেন্দ্র, কলকারখানা সহ হাজারের অধিক দোকান-পাট। এ বাজারে শুধুমাত্র চায়ের দোকানের ব্যাবসার উপর নির্ভর করে চলে প্রায় শতাধিক পরিবার।

সপ্তাহে দু’দিন শুক্রবার ও সোমবার সাপ্তাহিক হাট বসে বামন্দীতে। এবারের রমজানের প্রথম দিন (২৪শে মার্চ) শুক্রবার বামন্দী বাজারের সাপ্তাহিক হাট সরেজমিনে ঘুরে জিনিসপত্রের অস্বাভাবিকভাবে দাম বৃদ্ধি চোখে। যা ক্রেতাদের নাগালের বাইরে। বাজারে পর্যাপ্ত পরিমাণ শাকসবজি থাকলেও উচ্চমূল্যের কারণে হতাশার চিত্র ক্রেতাদের চোখেমুখে। স্বাভাবিকের বাইরে মূল্য থাকায় অনেকেই রমজানের প্রথম দিনে ক্রয় করতে পারেননি শাক-সবজি।

বামন্দী বাজারের সবজি হাটে বেগুন, সজনে ডাটা, কাঁচা মরিচ, পেঁয়াজ, রসুন, আদা, আলু, পটল, টমেটো, গাজর, শসা, সিম, পুইশাক, লাউ, লেবুর মূল্য প্রায় দ্বিগুন থেকে তিনগুণ হারে বৃদ্ধি পেয়েছে। তবে পাইকারির তুলনায় খুচরা বাজারে শাক-সবজির দাম তুলনামূলকভাবে আরো বেশি।

রমজানের প্রথম হাটে বামন্দীতে বেগুন বিক্রি হয়েছে ৮০ টাকা কেজি দরে; যা এক সপ্তাহ আগেও ছিল ৪৫ টাকা কেজি। শসা বিক্রি হচ্ছে কেজিপ্রতি ৭০-৮০ টাকা দরে; যা এক সপ্তাহ আগেও ছিল কেজিপ্রতি ৫০ টাকা। পটল কেজিপ্রতি ৮০ টাকা, সজনে ডাটা ১২০ টাকা, পুইশাক ৪০ টাকা সহ আলু-পেঁয়াজ-রসূনের দাম বেড়েছে কেজিপ্রতি ২০-৩০ টাকা করে। লেবু বিক্রি হচ্ছে ১৫ টাকা প্রতিপিচ। এছাড়াও অন্যান্য সবজির দাম কেজিপ্রতি ১০ টাকা থেকে ৩০ টাকা পর্যন্ত বেড়েছে।

অপরদিকে বেড়েছে মাছ মাংসের দাম। বামন্দী বাজারের মাছের হাটে সবধরনের মাছ কেজিপ্রতি ৩০-৬০ টাকা পর্যন্ত বেড়েছে। গরুর মাংস সাড়ে ৭’শ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে যা ছিলো সাড়ে ৬’শ টাকা। ছাগলের মাংস বিক্রি হচ্ছে ৯’শ টাকা কেজি দরে। ব্রয়লার মুরগী কেজিপ্রতি বিক্রি হচ্ছে ১৯৫ টাকা দরে। লেয়ার ও সোনালি মুরগী ২৬০-৩২০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে।

দাম নিয়ে ক্রেতাদের অভিযোগ থাকলেও ব্যবসায়ীরা বলছেন ভিন্ন কথা। বামন্দী বাজারের সবজি ব্যবসায়ী মনিরুল ইসলাম বলেন, প্রতিবছরেই রমজানের সময় বাজারে জিনিসপত্রের দাম বেশি থাকে। এবছরেও কেজিতে ১০-২০ টাকা বেড়েছে; আবার কিছুদিন পরে কমে যাবে।

সবজি ব্যবসায়ী তাহিরুল ইসলাম বলেন, আমি খুলিশাকুন্ডী থেকে বেগুন কিনে এনেছি ৭০ টাকা কেজি দরে; এখন বিক্রি করছি ৮০ টাকা। ১০ টাকা লাভ হচ্ছে।

আরেক সবজি ব্যবসায়ী বাবুল ইসলাম বলেন, আমরা কিনে এনে বিক্রি করি। মোকামে যে দাম ধরে আমরা তার চেয়ে ২০-৩০ টাকা বেশি দামে বিক্রি করি। আমাদের হাতে কিছু নেই সবকিছু মোকাম থেকে নির্ধারন করা হয়।

তবে ভিন্ন প্রতিক্রিয়া ক্রেতাদের মধ্যে। সাজ্জাদুল ইসলাম স্বপন নামের এক ক্রেতা বলেন, রমজানের অজুহাতে প্রতিবছর ব্যবসায়ীরা জিনিসপত্রের দাম বাড়িয়ে দেয়। কিন্তু সংশ্লিষ্টরা এতে কোন নজরদারি রাখেনা।

আরেক ক্রেতা রাশিদুল আলম বলেন, বামন্দীতে বাজার মনিটরিং করা হয়না কোনদিন। নিয়মিত যদি দায়িত্বশীলরা একটু দেখভাল করতো তবে এতটা অস্বাভাবিক হতো না বাজার দর।

বাজার মনিটরিং বিষয়ে জানতে বামন্দী বাজার কমিটির সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম বাবুর সাথে যোগাযোগের চেষ্টা করেও সম্ভব হয়নি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু বলেন, গাংনী বাজারে গতকাল আমারা মনিটরিং করেছি তবে পর্যায়ক্রমে সব জায়গায় দেখভাল করা হবে। আমাদের মোবাইল কোর্টের অভিযান রমজান মাসব্যাপী পরিচালনা করা হবে।

তবে বাজার মনিটরিং বিষয়ে বাজার কমিটির দায়িত্ব কতটুকু রয়েছে কিংবা উপজেলা প্রশাসনের কোন নির্দেশনা আছে কিনা? এবিষয়ে জানতে

চাইলে তিনি আরো বলেন, আমি সবেমাত্র যোগদান করেছি; এখনো সবার সাথে বসা সম্ভব হয়নি। তবে খুব দ্রুত সবার সাথে বসে বিষয়টি নিয়ে সীধান্ত নেওয়া হবে।

মেহেরপুর জেলা জাসাসের আহবায়ক অশেষের পিতার ইন্তেকাল

মেহেরপুর পৌরসভার ৩ নম্বর ওয়ার্ড তাঁতীপাড়া নিবাসী উজুলপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সাবেক শিক্ষক মোঃ মোশারেফ হোসেন
(৭৬) হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় ঢাকা জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না লিল্লাহি রাজিউন) ।

তিনি ছহিউদ্দিন ডিগ্রী কলেজের সহকারী অধ্যাপক জেলা জাসাসের আহবায়ক মো. মাহফুজুর রহমান অশেষের পিতা।

মরহুমের পারিবারিক সূত্রে জানা গেছে, আজ শুক্রবার সকাল ১০টার সময় মেহেরপুর শেখপাড়া ঈদগাহ ময়দানে জানাযা অনুষ্ঠিত হবে।

মেহেরপুরে মেহেগুনি বাগান প্রিমিয়ার লিগে ইলেভেন চ্যালেঞ্জার চ্যাম্পিয়ন

মেহেরপুরে ১নং ওয়ার্ড ঘোষপাড়া সালাত কায়েম পরিষদের আয়োজনে মেহেগুনি বাগান প্রিমিয়ার লিগ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে পুরস্কার বিতরণের মধ্য দিয়ে এ মেহেগুনি বাগান প্রিমিয়ার লিগ টুর্নামেন্ট শেষ হয়।

টিম নাইরা টসে জিতে ব্যাটিংয়ে গিয়ে ১০ ওভারে ৫ উইকেট হারিয়ে ৮১ রান সংগ্রহ করে। জবাবে ইলেভেন চ্যালেঞ্জার ৮ ওভার ৩ বলে ৮২ রান সংগ্রহ করে চাম্পিয়ন খেতাব অর্জন করে।

টুণামেন্ট সেরা হন ইলেভেন চ্যালেঞ্জারের নাহিদ সেখ,টুণামেন্ট সেরা ব্যাটসম্যান হন ইলেভেন চ্যালেঞ্জারের মিলন সেখ। খেলা শেষে বিজয়ী ও বিজিতদের মধ্যে ট্রফি বিতরণ করেন ১নং ওর্য়াড কাউন্সিলর মীর জাহাঙ্গীর।

এছাড়া উপস্থিত ছিলেন ঘোষ পাড়া জামে মসজিদের পেশ ইমাম তরিকুল ইসলাম, জাহাঙ্গীর হার্ডওয়ারের স্বত্বাধিকারী জাহাঙ্গীর হোসেনসহ এলাকাবাসীরা উপস্থিত ছিলেন।

টুর্নামেন্টে মোট চারটি টিম নিয়ে খেলা শুরু হয় টিমগুলো হলো ইলেভেন চ্যালেঞ্জার, টিম নাইরা, ইলেভেন ওয়ারিয়ার্স, ইলেভেন সুপার কিং

গাংনীতে রমজানে নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখতে বাজার মনিটরিং

রমজানে নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যের সরবরাহ স্বাভাবিক ও দর নিয়ন্ত্রণে রাখতে গাংনীতে বাজার মনিটরিং করা হচ্ছে।

আজ বৃহস্পতিবার বিকেলে গাংনী শহরের বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে এই মনিটরিং করা হয়। গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু বাজার মনিটরিং করেন।

এ সময় শুকনো খাদ্য দ্রব্য, মাছ, মাংস ও সবজির বাজারের মজুদ পরিস্থিতি ও দর পর্যবেক্ষণ করেন উপজেলা নির্বাহী অফিসার। রমজানের দ্রব্যমূল্য স্বাভাবিক এবং কৃত্রিম সংকট না করার জন্য ব্যবসায়ীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা দেন তিনি।

মনিটরিং দলে আরও উপস্থিত ছিলেন গাংনী উপজেলা সহকারী কমিশনার ভূমি নাদিম হোসেন শামীম ও গাংনী থানার এস আই শাহীনসহ পুলিশের একটি দল।

মুজিবনগরের দারিয়াপুরে বীর মুক্তিযোদ্ধা ও শিক্ষক নজরুল ইসলামের ইন্তেকাল

মেহেরপুরের মুজিবনগর উপজেলার পুরন্দরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক, দারিয়াপুর উত্তর পাড়া কেন্দ্রীয় জামে মসজিদের সাবেক ইমাম ও বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব নজরুল ইসলাম ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

বুধবার দিবাগত রাত ১টার সময় দারিয়াপুরস্থ তার নিজ বাসভবনে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ৭২ বছর। তিনি স্ত্রী, ২ ছেলে, ২ মেয়ে, নাতি-নাতনীসহ অসংখ্যা শিক্ষার্থী ও শুভাকাঙ্খী রেখে গেছেন।

আজ বৃহস্পতিবার সকাল ১০টার সময় দারিয়াপুর ফুটবল মাঠে তাকে রাষ্ট্রিয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করা হয়। মুজিবনগর থানা পুলিশের একটি চৌকষ দল তাঁকে জাতীর বীর এ সন্তানকে গার্ড অব অনার প্রদান করে। এসময় মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহণ করেন। এসময় বিউগলের করুন সুর বেজে উঠে।

পরে সাড়ে ১০টায় জানাযা শেষে উত্তরপাড়া কবরস্থানে দাফন করা হয়। জানাযা ও দাফনকাজে স্বজনসহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ অংশ নেন।

মেহেরপুর ইউপি সদস্য হত্যা মামলায় পিতা-পুত্রের যাবজ্জীবন

মেহেরপুরের গাংনী উপজেলার ষোলটাকা ইউপি সদস্য কামাল হোসেন হত্যা মামলায় পিতা-পুত্রের সশ্রম যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত।

আজ বৃহস্পতিবার দুপুর ১২ টার সময় মেহেরপুরের অতিরিক্ত জেলা ওদায়রা জজ রিপতি কুমার বিশ্বাস এ রায় ঘোষনা করেন। একই সঙ্গে আসামিদের ২০ হাজার টাকা করে জরিমানা অনাদায়ে আরো ৬ মাসের কারাদণ্ডাদেশ দেওয়া হয়েছে। দণ্ডিতরা হলেন- গাংনী উপজেলার ষোলটাকা গ্রামের মালেক জোর্দার (৬০) ও তার ছেলে আলমগীর হোসেন (৩৫)।

মামলার বাকি ১০ আসামিকে বেকসুর খালাস দেওয়া হয়েছে। তারা হলেন-রহমত বিশ্বাস, সবাতুল্যাহ বিশ্বাস, রফাতুল বিশ্বাস, মাজেদুল জোয়াদ্দার, মাজহারুল ইসলাম, রাজু বিশ্বাস, শহিদুল ইসলাম, পিন্টু আলী, তমির ।

মামলার এজাহারে জানা গেছে, জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে ২০১৭ সালের ২৫ মে সকাল সাড়ে ৯টার দিকে আসামীরা রামদা, হাসুয়া, লোহার রড ও বাঁশের লাঠি সংগে নিয়া বে-আইনি জনতাবদ্ধ হইয়া ষোলটাকা গ্রামের কফেল উদ্দীনের বাড়িতে অনধিকারভাবে প্রবেশ করে তাকে হত্যার উদ্দেশ্যে মাথায় আঘাত করে। এসময় কফেল উদ্দিন বাম হাত দিয়া ঠেকাইলে বাম হাতের কনুইয়ের নিচে লাগিয়া মারাত্মক রক্তাক্ত জখম হয়। আসামী গনি রামদা দিয়া চাচার ডান হাতে কোপ মারিয়া রক্তাক্ত জখম করে। আসামী সবাতুল খুন করার উদ্দেশ্যে বাঁশের লাঠি দিয়া মাথার উপর বাড়ী দিয়া রক্তাক্ত জখম করে। অন্যান্য আসামীরা কফেল উদ্দিনকে লাথি ও কিল ঘুষি মারিয়া নীলাফুলা জখম করে। পরে সকল আসামী খুন জখমের হুমকি দিয়া চলিয়া যায়। খবর পেয়ে কফেল উদ্দিনের ভাই ইউপি সদস্য কামাল হোসেন মোটর সাইকেল যোগে বাড়িতে আসার সময় পথিমধ্যে আসামী আঃ মালেকের বাড়ীর সামনে পৌছালে সকল আসামীরা তার মোটর সাইকেল ঘিরিয়া ধরে এবং আলমগীর তাহার হাতে থাকা ধারালো

রামদা দিয়া মাথায় কোপ মারলে তিনি রক্তাক্ত জখম হন। তাকে উদ্ধার করে গাংনী হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক কামালকে মৃত ঘোষনা করেন। এদিকে, কফেল উদ্দীন গুরুতর জখম হওয়ার তাকে গাংনী হাসপাতাল থেকে মেহেরপুর জেনারেল হাসপাতালে এবং পরে উন্নত চিকিৎসর জন্য কুষ্টিয়া মেডিকলে কলেজ হাসপাতালে রেফার্ড করে।

পরদিন কামাল হোসেনের ভাতিজা ফারুক হোসেন বাদী হয়ে গাংনী থানায় ১২ জনকে আসামী করে একটি হত্যা মামলা দায়ের করেন। মামলার প্রাথমিক তদন্ত শেষে তদন্তকারী কর্মকর্তা এস আই শহিদুল ইসলাম শেখ আদালতে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

মামলায় ৯ জন সাক্ষী তাদের সাক্ষ্য প্রদান করেন। মামলার নথি, তদন্ত প্রতিবেদন ও দীর্ঘ শুনানী শেষে বিজ্ঞ বিচারক ১২ আসামীর মধ্যে দুইজনকে সশ্রম কারাদণ্ড এবং অপর ১০ আসামীকে বেকসুর খালাস প্রদান করেন।

মামলায় রাষ্ট্রপক্ষে অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর কাজী শহিদুল হক এবং আসামী পক্ষে এ কে এম শফিকুল আলম আইনজীবীর দায়িত্ব পালন করেন।

মুজিবনগর উপজেলা কে ভুমিহীন ও গৃহহীনমুক্ত করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

মেহেরপুরের মুজিবনগরে ৯টি ভুমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে ঘর ও জমির দলিল হস্তান্তরের মধ্য দিয়ে মুজিবনগর উপজেলা কে ভুমিহীন ও গৃহহীনমুক্ত উপজেলা ঘোষণা করা হয়েছে।

পরে চতুর্থ পর্যায়ে ৪২ টা ঘরের মধ্যে বাকি ৯ টি ঘর হস্তান্তর করা হয়েছে। এ নিয়ে মুজিবনগর উপজেলার ৪২ টি ভুমিহীন ও গৃহহীন পরিবার আশ্রয়ণ প্রকল্পের জমিসহ ঘর পেয়েছেন।

গতকাল বুধবার সকালে গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক সারাদেশের ৭ জেলা ও ১৫৯ টি

উপজেলার ভূমিহীন ও গৃহহীন পরিবারকে চতুর্থ পর্যায়ে ৩৯ হাজার ৩৬৫ টি ঘর ও জমি হস্তান্তর কার্যক্রম উদ্বোধন শেষে এ ঘোষণা দেন তিনি।

পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ এর সভাপতিত্বে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে জমি ও গৃহ হস্তান্তর কার্যক্রমে প্রধান অতিথি ছিলেন, মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও রাজস্ব) লিংকন বিশ্বাস।এ সময় উপস্হিত ছিলেন, মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এস আই উত্তম কুমার, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন,দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার।

এব্যাপারে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস বলেন, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের ঘর হাস্তান্তরের পরে ২২ মার্চ বুধবার চতুর্থ পর্যায়ে ৯টি ঘর ও দলিল হস্তান্তরের মধ্য দিয়ে মুজিবনগর উপজেলা কে ভুমিহীন ও গৃহহীনমুক্ত উপজেলা ঘোষণা করেছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।